

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ শাখা  
www.dshe.gov.bd

নম্বর ৩৭.০২.০০০০.১১০.১৮.০০২.১৯.১৪৭

তারিখ ১৫ মাঘ ১৪২৫

২৮ জানুয়ারি ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মাউশি তে আবেদন পত্র প্রেরণ সংক্রান্ত নির্দেশনা

অত্র অধিদপ্তর ও এর আওতাধীন বিভিন্ন অফিস ও সরকারি স্কুল, কলেজ, প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারি, সরকারি কলেজ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ এবং এইচ.এস.টি.টি আই সমূহের বি সি এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের এম.ফিল, পিএইচ.ডি ও বৈদেশিক প্রশিক্ষণ এবং বি.এড, এম.এড কোর্সে অধ্যয়নের অনুমতির জন্য মাউশিতে আবেদন প্রেরণ করা হয়। মাউশিতে আবেদন প্রেরণের ক্ষেত্রে এবং দ্রুততম সময়ে নথি নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় সমূহ বিবেচনায় আনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. আবেদনকারী আইডি নম্বর উল্লেখসহ হালনাগাদ পিডিএস।

২. সচল মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা।

৩. চাকুরীকালীন ডিগ্রী অর্জন করে থাকলে নিম্নোক্ত “ছক” মোতাবেক তথ্য প্রেরণ করতে হবে।

ক্র নং	ডিগ্রীর নাম	কোর্স সময়কাল (তারিখসহ)	যে প্রতিষ্ঠান হতে ডিগ্রী গ্রহণ করেছেন	অনুমোদনদানকারী কর্তৃপক্ষ
--------	-------------	-------------------------	---------------------------------------	--------------------------

যে প্রশিক্ষণে/ডিগ্রী/ কোর্সে ভর্তি হতে আগ্রহী তার পূর্বের কোর্সের ধারাবাহিকতা অবশ্যই উল্লেখ করতে হবে এবং কাগজপত্র সংযোজন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪. সিটিজেন’স চার্টার অনুযায়ী সমস্ত কাগজপত্র দাখিল করতে হবে। (সিটিজেন’স চার্টার দেখা/ ডাউনলোড করার ফ্লোচার্ট নিম্নরূপঃ) [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) আমাদের সম্পর্কিত সিটিজেন’স চার্টার (মাউশি অধিদপ্তর এর সেবা প্রদান প্রতিশ্রুতি সমূহ এর উইংভিত্তিক ধারাবাহিক বিবরণ )

৫. বুনিয়াদি প্রশিক্ষণ/ চাকুরী স্থায়ীকরণ ব্যতীত কোন প্রশিক্ষণ কোর্স/ ডিগ্রী অর্জনের অনুমতি প্রদান করা হয় না। (বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা ১৯৮১ এর অনুচ্ছেদ ৭(বি) অনুযায়ী)।

৬. যে কোন ডিগ্রী অর্জনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রী সম্পন্ন করার পর চাকুরীবিধি অনুযায়ী কমপক্ষে ০৩ বছর চাকুরিকাল রয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে আবেদন করার জন্য অনুরোধ করা হল। (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিটের স্বারক নং-০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮.৩৩৯ ; তারিখ-০৬/১২/২০১৫ খ্রি.)।

২৮-১-২০১৯

প্রফেসর ড. মোঃ আব্দুল মালেক  
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)
- ২) অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল)
- ৩) পরিচালক, এইচ এস টি টি আই, (সকল)
- ৪) প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয় (সকল)
- ৫) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের জন্য)
- ৬) সংরক্ষণ নথি।